আলমডাঙ্গার ভাংবাড়ীয়ায় রাতে ১ বিঘা জমির লাউক্ষেত কেটে ছারখার করেছে দুর্বৃত্তরা

আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়ীয়া সিটিগাড়ী মাঠে রাতের আঁধারে এক কৃষকের স্বপ্ন ভাসিয়ে দিয়েছে অজ্ঞাত দুর্বৃত্তরা। কৃষক আবদাল হোসেনের ১ বিঘা জমির লাউয়ের ক্ষেত কেটে সম্পূর্ণ তছরুপ করা হয়েছে। r

এতে প্রায় লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে বলে ধারণা করা হচ্ছে। স্থানীয় সূত্রে জানা গেছে, কৃষক আবদাল হোসেন অনেক পরিশ্রম ও স্বপ্ন নিয়ে সিটিগাড়ী মাঠে ১ বিঘা জমিতে লাউয়ের চাষ করেছিলেন। সম্প্রতি লাউগাছে ফুল ও জালি আসতে শুরু করেছিল।

আগামী কয়েকদিনের মধ্যেই বাজারে লাউ বিক্রি শুরু করার প্রস্তুতি নিচ্ছিলেন তিনি। কিন্তু গত শনিবার দিবাগত রাতের কোনো এক সময়ে দুর্বৃত্তরা ধারালো অস্ত্র দিয়ে মাচায় থাকা লাউগাছগুলোর গোড়া কেঁটে দেয়।

সকালে ক্ষেতে গিয়ে এ দৃশ্য দেখে কান্নায় ভেঙে পড়েন কৃষক আবদাল। তিনি আক্ষেপ করে বলেন, “গাছে ফুল আর জালি আসছিল। কয়দিন পরেই বাজারে তোলার কথা। কার সাথে কী শত্রুতা ছিল জানি না, কিন্তু আমার এভাবে পেটে লাথি মারল!” ঘটনাটি এলাকায় ছড়িয়ে পড়লে স্থানীয় অন্যান্য কৃষকদের মধ্যেও আতঙ্ক ও ক্ষোভের সৃষ্টি হয়।

তারা এ ধরনের জঘন্য ও বর্বর কাণ্ডের তীব্র নিন্দা জানান এবং জড়িত দুর্বৃত্তদের দ্রুত চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। এ বিষয়ে ভাংবাড়ীয়া ইউনিয়ন বিএনপির সভাপতি টিপু সুলতান জানান, খেতের ফসল কাটা অত্যন্ত নিকৃষ্ট কাজ। বিষয়টি আলমডাঙ্গা থানা পুলিশকে অবগত করা হয়েছে। পুলিশ তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিয়েছে।

আলমডাঙ্গয় যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস পালিত

আলমডাঙ্গায় যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস পালিত।১৬ ডিসেম্বর শনিবার সুর্যদয়ের সাথে সাথে ৩১বার তোপধ্বনির মধ্য দিয়ে দিনের শুভ সূচনা হয়।

আলমডাঙ্গা মুক্তিযোদ্ধা সংসদ চত্বরে জাতীয় ও মুক্তিযোদ্ধা পতাকা উত্তলন ও বঙ্গবন্ধু মুরালে পুস্পমাল্য অর্পন করে,পরে উপজেলা চত্বরে শহীদদের স্মরণে নির্মিত শহীদ মাজারে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করে উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন, থানা প্রশাসন, পৌরসভা, উপজেলা ও পৌর আওয়ামীলীগ,আলমডাঙ্গা সরকারি কলেজ,সরকারি স্কুল,ব্রাইট স্কুল,আলইকরা ক্যাডেট স্কুল, সহ বিভিন্ন রাজনৈতিক দল, সামাজিক, সাংষ্কৃতিক সংগঠন ও শিক্ষা প্রতিষ্ঠান।এখান থেকে উপজেলা চত্তরে মঙ্গবন্ধুর মুরালে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন।

প্রথমে উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস, উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন, পৌর মেয়র হাসান কাদির গনু,ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহমেদ ডন,মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু,থানা অফিসার ইনচার্জ তদন্ত একরাম হুসাইন,উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা,সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার, স্মৃতিস্তম্ভে ফুল দিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। পরে একে একে মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা ও পৌর আওয়ামী লীগ, ছাত্রলীগ, যুবলীগ, শ্রমিক লীগ, কৃষক লীগ, মুক্তিযোদ্ধা সন্তান কমান্ড, মহিলা পরিষদ, প্রেসক্লাব,আরই অফিস,পল্লি বিদ্যুৎ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও ফাউন্ডেশনসহ বিভিন্ন সংগঠন ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করে।

এছাড়া উপজেলায় বধ্যভুমি ও স্মৃতিস্তম্ভে ফুল দিয়ে শহীদদের স্মরণ করে উপজেলা প্রশাসন ও বিভিন্ন রাজনৈতিক দল।

সকাল ৯টায় উপজেলা চত্বরে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন, পায়রা ও বেলুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন, উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস ও অফিসার ইনচার্জ তদন্ত একরাম হুসাইন। এরপরে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা কুচকাওয়াজ, শরীর চর্চা ও ডিসপ্লে প্রদর্শন করে। শেষে বিজয়ীদের মধ্যে পুরুস্কার বিতরণ করা হয়। ডিসপ্রেতে